মন্ত্রিপরিষদ বিভাগের আগস্ট ২০১৩ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নামঃ **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নামঃ **আগস্ট ২০১৩** প্রতিবেদন প্রস্তুতের তারিখঃ **০৮ সেপ্টেম্বর ২০১৩**

(১) প্রশাসনিকঃ

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়ঃ **মন্ত্রিপরিষদ বিভাগ**	২১০	১৭৩	৩৭
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিসঃ **দুর্নীতি দমন কমিশন**	১,০৭৩	৮০২	২৭১
মোট	**১,২৮৩**	**৯৭৫**	**৩০৮**

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১০	১৪	০৮	০৫	৩৭
দুর্নীতি দমন কমিশন	-	-	৭৯	৩৯	১৪৯	০৪	২৭১*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	৪	১	৫	-	-	-	পরিচালক পদে ০৪ জন কর্মকর্তা এবং সহকারী পরিদর্শক পদে ০১ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়।

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ **নেই।**

খ. ১ ভ্রম ণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১	৫	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রম ণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যাঃ **নেই।**

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নামঃ

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
Supporting the Good Governance Programme (SGGP)	-	▪ জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭.২৫ কোটি টাকা (এডিবি এবং জিওবি)। ব্যয়ের হার ৯৫ শতাংশ। ▪ জুলাই ও আগস্ট ২০১৩ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি।	-	কোন নতুন প্রকল্প অনুমোদিত হয়নি।	প্রকল্পের মেয়াদ জুন ২০১৪ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে এডিবি ও ইআরডির সম্মতির পরিপ্রেক্ষিতে এ সংক্রান্ত প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হলে মাননীয় প্রধানমন্ত্রী এতে সম্মতি প্রদান করেন।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	**প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো**	**আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা**
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে) : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসানঃ প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১০টি	২৮.৩৭	-	-	১০টি	▪ আগস্ট ২০১৩ মাসে কোন অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি। ▪ বর্তমানে ১০টি অনিষ্পন্ন অডিট আপত্তি র মধ্যে ০৭টির বিষয়ে ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে মামলা (মামলা নং-৭/২০০০) বিচারাধীন আছে। এ ছাড়া, ২০০৭-০৮ থেকে ২০১১-১২ অর্থ-বৎসর পর্যন্ত সময়ের ৩টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	২৮টি	২৯৮.৬৮	-	-	২৮টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	-	-	০৪টি	আগস্ট ২০১৩ মাসে কোন অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি।
মোট	**৪২টি**	**১,০২৭.০৫**	**-**	**-**	**৪২টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কে ইসের তালিকাঃ **নেই।**

(৮) শৃঙ্খলা / বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বৎসরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	০২
দুর্নীতি দমন কমিশন- ১২	-	১	-	-	১১	৪

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Social Protection: Lessons of International Experience	২৫-৩১ আগস্ট ২০১৩	নেপাল	০২ (দুই) জন (১ জন উপসচিব ও ১ জন সিনিয়র সহকারী সচিব)
	২।	Project Feasibility/Appraisal Study	১৮-২২ আগস্ট ২০১৩	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা	২ (দুই) জন সিনিয়র সহকারী সচিব
	৩।	Basic Office Management Course	১৮ আগস্ট-০৫ সেপ্টেম্বর ২০১৩	আঞ্চলিক লোক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।	১ জন সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর
দুর্নীতি দমন কমিশন	১।	Multi-AgencyTraining Programme on Asset Recovery	২৬-২৭ আগস্ট ২০১৩	দুর্নীতি দমন কমিশন	২২ জন
	২।	Training on Social and News Media for Human Rights Defenders	২৪ আগস্ট ২০১৩	জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা	০৪ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনাঃনেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ হ্যাঁ, অন্ দ্য জব ট্রেনিং এর ব্যবস্থা আছে। কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যাঃ০২ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মাবলি

(১) মন্ত্রিসভার ০৪টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০১টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০১টি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০২টি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ০৫টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৮তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট ২০১৩ তরিখ জাতীয় শোক দিবস ধানমন্ডির ৩২ নম্বর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, বনানী কবরস্থান, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থল, ৬৪টি জেলা এবং ৪২৬টি উপজেলায় যথাযথ মর্যাদায় পালিত হয়।

(৩) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের কাছ থেকে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে ১৪ আগস্ট ২০১৩ ও ২৮ আগস্ট ২০১৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর দু'টি সার-সংক্ষেপ প্রেরণ করা হয়।

(৪) বিভাগীয় কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত সার-সংক্ষেপে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন বিষয়ে গত ০১ আগস্ট ২০১৩ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ আগস্ট ২০১৩ মাসে প্রমাপ অনুয়ায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন ও দর্শন করেছেন। এর ফলে জেলা ও উপজেলা পর্যায়ে কাজের জবাবদিহিতা নিশ্চিতকরণসহ দক্ষতা, স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। প্রমাপ অর্জনকারী কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপনসহ প্রমাপ অর্জনের এই ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI-ভুক্ত এবং এ মাসের KPI লক্ষমাত্রা অর্জিত হয়েছে।

(৬) বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা ১৮ আগস্ট ২০১৩ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় ২০টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৭) ১১ আগস্ট ২০১৩ তারিখে অষ্টম সংবাদপত্র মজুরি বোর্ডের রোয়েদাদ পরীক্ষা করার জন্য একটি মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়।

(৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ ২৪ আগস্ট ২০১৩ তারিখ সিঙ্গাপুর এয়ারলাইন্সের SQ 447 ফ্লাইট যোগে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ এবং ৩১ আগস্ট ২০১৩ তারিখ একই এয়ারলাইন্সের SQ 446 ফ্লাইট যোগে ঢাকায় প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) জেলায় সংঘটিত স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক ঘটনাস্থল পরিদর্শনপূর্বক চার ঘন্টার মধ্যে প্রাথমিক প্রতিবেদন এবং গৃহীত আইনি পদক্ষেপ ও ঘটনার সার্বিক তথ্যাদিসহ নির্ধারিত ছকে চব্বিশ ঘন্টার মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করার নিমিত্ত ০১ আগস্ট ২০১৩ তারিখে বিভাগীয় কমিশনারগণকে পত্র দেওয়া হয়।

(১০) চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার বিভিন্ন পাহাড়ের চূড়ায়, ঢালে এবং পাদদেশে ঝুঁকিপূর্ণ স্থানে বসবাসকারী পরিবারসমূহকে ঝুঁকিপূর্ণ স্থান থেকে সরিয়ে তাবুতে সাময়িক আবাসন/আশ্রয় প্রদানের প্রেক্ষিতে এবং এ সমস্যার স্থায়ী সমাধান দেওয়ার জন্য ০৭ আগস্ট ২০১৩ তারিখে ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) জাতীয় সংসদের ১১০ বরগুনা-২ নির্বাচনী এলাকার শূন্য ঘোষিত আসনে আগামী ০৩ অক্টোবর ২০১৩ তারিখে অনুষ্ঠেয় নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ সংক্রান্ত এবং এ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের নির্দেশনা জানিয়ে দু'টি স্মারক জারি করা হয়।

(১২) জেলা ও উপজেলা সদরে নারীদের নিয়ে উন্মুক্ত সংলাপ আয়োজনের বিষয়ে ১৩ আগস্ট ২০১৩ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস উদযাপনের নিমিত্ত গত ২১ আগস্ট ২০১৩ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) 'স্বনির্ভর বাংলাদেশ'-এর তত্ত্বাবধায়ক বডি-তে বিভাগীয় ও জেলা প্রশাসনের কর্মকর্তা অন্তর্ভুক্তকরণে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি প্রদান করা হয়।

(১৫) প্রতিবেদনাধীন মাসে সারাদেশে ৪,৮৫৮টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্টে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ছিল ১০,৭৮৪টি এবং আদায়কৃত জরিমানার পরিমাণ ২,১৪,৯৮,৯৭৫ টাকা।

(১৬) শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনে ০৩ জন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করা হয়।

(১৭) রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের ২০১২-১৩ অর্থ-বৎসরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে গত ২৬ আগস্ট ২০১৩ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

(১৮) 'ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব ফিল্ড এডমিনিস্ট্রেশন ' শীর্ষক কর্মসূচির খসড়া পিপিএনবির ওপর মতামত প্রদা নের জন্য এ বিভাগের সকল অনুবিভাগকে অনুরোধ জানিয়ে পত্র দেওয়া হয়।

(১৯) 'ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মাঠপ্র শাসনের সাথে সমন্বয় ' শীর্ষক কর্মসূচির আওতায় স্থাপিত ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার দৈনন্দিন ব্যবহারজনিত পরিচালনা সংক্রান্ত পত্র বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)-এ প্রেরণ করা হয়।

(২০) মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুসারে ইলেকট্রনিক পদ্ধতিতে সভার নোটিশ জারির কার্যক্রম শুরু করা হয়। এ লক্ষ্যে গ্রুপমেইল প্রস্তুত এবং অন্যান্য কার্যক্রম সম্পাদন করা হয়।

(২১) মন্ত্রিপরিষদ বিভাগে একটি ভার্চুয়াল লাইব্রেরি স্থাপন করা হয়।

(২২) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশীটভুক্ত ৩৯ জন, বিজ্ঞ আদাল তে এফআরটি গৃহীত হওয়ায় ২৫ জন , নথিভুক্তির সংখ্যা ৩৮ জন এবং তদন্তে অপরাধ প্রমানিত না হওয়ায় ১৫ জন সরকারী কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য এবং ০২ জন সরকারী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৩) মহামান্য সুপ্রিম কোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশনসহ ০৬টি পত্র কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

গ. আগামী দুই মাসে (সেপ্টেম্বর-অক্টোবর) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকাঃ

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১২-১৩ অর্থ-বৎসরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৫) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।